[redacted]

[redacted]

ইংলিশ বোলারদের মধ্যে ওকস, আর্চার ও স্যাম কারান ৩টি করে উইকেট লাভ করেন। আদিল রশিদ পান একটি উইকেট।

ইংলিশ বোলারদের তোপের মুখে পড়ে ৪৮.৪ ওভারে ২০৭ রানে গুটিয়ে যান সফরকারীরা।

ফল ২৪ রানের জয় পায় ইংল্যান্ড। এ জয়ে তিন ম্যাচ ওয়ানডে সিরিজে ১-১ ব্যবধানে সমতায় ফিরল এউইন মরগানের দল।

এর আগে টস জিতে প্রথমে ব্যাটিংয়ে নেমেই বিপদে পড়ে যায় স্বাগতিক ইংল্যান্ড। তিন ম্যাচ সিরিজের প্রথম ওয়ানডেতে হেরে যাওয়া ইংল্যান্ডের সামনে সমীকরণ ছিল স্পষ্ট। হারলেই ট্রফি হাতছাড়া।

এমন কঠিন সমীকরণের ম্যাচে মাত্র ২৯ রানে দুই ওপেনার জনি বেয়ারস্ট্রো ও জেসন রয়ের উইকেট হারিয়ে কোণঠাসা হয়ে পড়েন ইংলিশরা।

তৃতীয় উইকেটে অধিনায়ক এউইন মরগানকে সঙ্গে নিয়ে দলের হাল ধরেন জো রুট। এই জুটিতে তারা যোগ করেন ৬১ রান। এর পর ৫৯ রানের ব্যবধানে ইংল্যান্ড হারায় ৬ উইকেট। ৭৩ বলে ৩৯ রানে ফেরেন রুট। জস বাটলার ফেরেন মাত্র ৩ রানে। ৫২ বলে ৪২ রান করে আউট হন মরগান। প্রথম ম্যাচে ১১৮ রান করা সেম বিলিংস এদিন ফেরেন মাত্র ৮ রানে। ১ রানে আউট সেম কারান।

এর পর শুরু হয় আদিল রশিদ ও টম কারানের ব্যাটের লড়াই। তাদের দায়িত্বশীল ব্যাটিংয়েই ১৪৯ রানে ৮ উইকেট হারানো ইংল্যান্ড শেষ পর্যন্ত ২৩১ রান তুলতে সক্ষম হয়।

অস্ট্রেলিয়ার হয়ে সর্বোচ্চ ৩ উইকেট নেন অ্যাডাম জাম্পা। ২ উইকেট শিকার করেন মিসেল স্টার্ক। সূত্র-যুগান্তর

ক্যারিবিয়ান লিগে ইতিহাস গড়ে

[redacted]

[redacted]

বার্সা কোচের ‘হুমকি’! পাত্তা দিচ্ছেন না মেসি

ফুটবল মহলের ধারণা-নিজের ইচ্ছের বিরুদ্ধে গিয়ে শেষমেশ বার্সেলোনায় থেকে গিয়েছেন আর্জেন্টাইন সুপার স্টার লিওনেল মেসি। অনেকে এও বলছেন, শরীরটাই যা মেসির রয়েছে বার্সায়, না হলে হৃদয়টা অন্য কোথাও। না হলে নতুন মৌসুমের জন্য বার্সেলোনার সঙ্গে চুক্তিবদ্ধ হয়েও সভাপতি জোসেফ মারিয়া বার্তিমিউর বিপক্ষে কথা বলছেন কী করে মেসি?

মেসি সম্প্রতি বলেছেন, ‘‘আমাকে বার্সা সভাপতি বলেছিলেন এবার আমি নিজের সিদ্ধান্ত অনুযায়ী ক্লাব ছাড়ার বিষয়ে সিদ্ধান্ত নিতে পারব, কিন্তু তিনি সেই কথা রাখেননি। আমিও চাইনি আমার এতদিনের ক্লাবকে আদালতে টেনে নিয়ে যেতে।’

এতেই বোঝা যাচ্ছে প্রায় জোর করেই তিনি থেকে গেলেন পুরনো ক্লাবে। কারণ মেসিকে ক্লাব ছাড়তে হলে বার্সেলোনাকে দিতে হতো ৭০০ মিলিয়ন ইউরো।

মেসি বার্সায় থেকে যাওয়ায় খুশি কোচ রোনাল্ড কোম্যান। তার প্রথমদিনের অনুশীলনে ছিলেন না মেসি। সেই সময় তিনি নিজেও সিদ্ধান্ত নিতে পারেননি এ মৌসুমে থাকবেন কিনা স্প্যানিশ এই ক্লাবটিতে। যদিও বার্সা কোচ মিডিয়াকে যা বলেছেন, তাতে উচ্ছ্বাসে ভেসে যাওয়ার কোনও বিষয় নেই। বরং এই অভিজ্ঞ কোচ মেসিকে প্রচ্ছন্ন হুমকি দিয়ে রেখেছেন এই বলে যে, ‘দলের জন্য যে ফুটবলার নিজেকে উজার করে দেবে, তাকে রেখেই দল সাজাবেন তিনি। এই কথার অর্থ কী, সেটি বেশ ভালই বোঝা গিয়েছে।

স্প্যানিশ সংবাদপত্র ‘মুন্দো ডিপর্তিভো’র লিখেছে, মেসিকে পেয়ে যে খুশি হয়েছেন সেটি জানিয়ে দিতে ভোলেননি বার্সার নয়া কোচ। সেইসঙ্গে কৌশলে যোগ করে দিয়েছেন, ক্লাবে শুধু প্রতিজ্ঞাবদ্ধ খেলোয়াড়দেরই দরকার। কোম্যানের কথায় তেমন প্রতিক্রিয়া দেখাননি মেসি।

তিনি শুধু জানিয়ে রেখেছেন, আমি পেশাদার, তাই চলতি মৌসুমেও নিজের সবটুকু ঢেলে দিতে দৃঢ়প্রতিজ্ঞ ও প্রতিশ্রুতিবদ্ধ।

সূত্র- বিডি-প্রতিদিন

যে কাণ্ড ঘটিয়ে বোলারদের ঘুম হারাম করলেন রোহিত

টি-টোয়েন্টি লিগ মানেই ব্যাটসম্যানের হুঙ্কার। বোলারদের তুলোধোনা করে বল বাউন্ডারির বাইরে পাঠানো। আর প্রেক্ষাপট যদি আইপিএল হয় তো ব্যাটসম্যান আরও বিধ্বংসী হয়ে ওঠেন।

সেই লক্ষ্যেই আবুধাবিতে ব্যাটে শান দিচ্ছেন ‘হিটম্যান’খ্যাত ভারত দলের ওপেনার রোহিত শর্মা। বরাবরের মতো এবারও মুম্বাই ইন্ডিয়ান্সের অধিনায়ক তিনি।

বুধবার আবুধাবিতে অনুশীলনে যে কাণ্ড করলেন রোহিত তা প্রতিপক্ষ বোলারদের যে ঘুম হারাম করেছে, সেটি নির্দ্বিধায় বলা যায়।

ছক্কা মেরে স্টেডিয়ামের বাইরের রাস্তায় চলন্ত বাসের ওপর বল ফেললেন রোহিত। অবিশ্বাস্য মনে হলেও ভিডিও তাই বলছে।

মুম্বাই ইন্ডিয়ান্স সেই ভিডিও পোস্ট করেছে তাদের সোশ্যাল মিডিয়া অ্যাকাউন্টে, বিধ্বংসী মেজাজে ব্যাট করছিলেন হিটম্যান রোহিত। সামনে স্পিনারকে পেয়ে স্টেপ আউট করে ছক্কা হাঁকান। ছক্কাটি স্টেডিয়াম পেরিয়ে আঘাত করেছে রাস্তায় চলন্ত বাসে। তবে বাসের কাচ ভেঙেছে কিনা বিষয়টি ভিডিও থেকে স্পষ্ট নয়। ছক্কাটি ৯৫ মিটারের লম্বা ছিল নিশ্চিত।

১৯ সেপ্টেম্বর আইপিএলের উদ্বোধনী ম্যাচে চেন্নাই সুপার কিংসের মুখোমুখি হবে মুম্বাই ইন্ডিয়ান্স।

রোহিতের সেই জায়ান্ট ছক্কার ভিডিওটি দেখুন-

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]!

[redacted]

[redacted]

[redacted]

রামোস!

ডিফেন্ডার হিসেবে আন্তর্জাতিক ফুটবলে সর্বোচ্চ গোলের রেকর্ড ভেঙে নতুন রেকর্ড গড়েছেন স্পেন ফুটবল দলের অধিনায়ক সার্জিও রামোস। তার এই গোলের রেকর্ডটি ডিফেন্ডারদের মধ্যে।

রবিবার রাতে ইউক্রেনের বিপক্ষে জোড়া গোল করেছিলেন রামোস। সেই জোড়া গোল দিয়ে ডিফেন্ডার হিসেবে আন্তর্জাতিক ফুটবলে সর্বোচ্চ গোলের রেকর্ড গড়েন তিনি।

উয়েফা নেশন্স লিগে ইউক্রেনের বিপক্ষে ম্যাচের ৩ মিনিটে পেনাল্টি থেকে একটি গোল করেন তিনি। এরপর ২৯ মিনিটের সময় দুর্দান্ত এক হেডে আরেকটি গোল করেন তিনি।

প্রথম গোল করে আর্জেন্টিনার বিখ্যাত ডিফেন্ডার ড্যানিয়েল পাসারেলার ২২ গোলের রেকর্ড স্পর্শ করেন রামোস। এরপর ২৯ মিনিটে হেড থেকে গোল করে ছাড়িয়ে যান পাসারেলাকে। ২৩তম গোল করে সৃষ্টি করেন আন্তর্জাতিক ফুটবলে একজন ডিফেন্ডার হিসেবে সর্বোচ্চ গোল করার রেকর্ড।

রামোস যে রেকর্ডটি গড়েছেন সে জন্য তাকে ১৭২টি আন্তর্জাতিক ম্যাচ খেলতে হয়েছে। অন্যদিকে আর্জেন্টিনার হয়ে ১৯৭৮ সালে বিশ্বকাপ জেতা ডিফেন্ডার ড্যানিয়েল পাসারেলা ২২ গোল করেছেন কেবল ৭০টি ম্যাচ খেলে।

স্পেনের সর্বোচ্চ গোলদাতার তালিকায় আট নম্বরে উঠে এসেছেন ৩৪ বছর বয়সী এই ফুটবলার, বসেছেন কিংবদন্তি আলফ্রেদো দি স্তেফানোর পাশে।

ক্লাব ফুটবলেও রামোসের নামের পাশে বেশ কিছু গোল রয়েছে। সেভিয়া (২০০৩-২০০৬) এবং রিয়াল মাদ্রিদের (২০০৬ থেকে এখনও পর্যন্ত) হয়ে মোট ৭২৬ ম্যাচ খেলে গোল করেছেন ১০২টি।

ডিফেন্ডার হিসেবে লা লিগায়ও সর্বোচ্চ গোলের রেকর্ড রামোসের। গত জুনে রোনাল্ড কুমানের ৬৭ গোলের রেকর্ড টপকে যান রিয়াল মাদ্রিদ অধিনায়ক।

সূত্র- বিডি-প্রতিদিন

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

মুখোমুখি হবে ফ্রান্স। দেশটির ফুটবল ফেডারেশন জানিয়েছে এই ম্যাচে খেলা হচ্ছে না এমবাপের।

অবশ্য সুইডেনের বিপক্ষের ম্যাচের পর থেকেই এমবাপে আইসোলেশনে ছিলেন, অনুশীলনে যোগ দেননি। করোনা পজিটিভ হওয়ার পর সন্ধ্যায় তিনি বাসায় ফিরে যান।

শনিবার উয়েফা নেশন্স লিগে সুইডেনের বিপক্ষে দারুণ একটি গোল করেছিলেন এমবাপে, যা ছিল জাতীয় দলের হয়ে তার ১৪তম গোল। নেশন্স লিগে মাঠে নামার আগে ফ্রান্সের সব খেলোয়াড়ের করোনা টেস্ট করানো হয়েছিল। সেই পরীক্ষায় নেগেটিভ হয়েই তিনি অনুশীলনে যোগ দিয়েছিলেন। এমনকি সুইডেনের বিপক্ষের ম্যাচের আগে বুধবার যে টেস্ট করানো হয়েছিল সেখানেও নেগেটিভ হয়েছিলেন তিনি।

কিন্তু সোমবারের পরীক্ষায় তিনি পজিটিভ হন। পিএসজির সপ্তম খেলোয়াড় হিসেবে করোনা আক্রান্ত হলেন এমবাপে। তার আগে নেইমার দ্য সিলভা, অ্যাঙ্গেল ডি মারিয়া, মাউরো ইকার্দি, লিয়ান্দ্রো পারদেস, কেইলর নাভাস ও মার্কুইনহোস করোনা আক্রান্ত হয়েছেন।

সূত্র- বিডি প্রতিদিন

সব জল্পনার অবসান, বার্সেলোনার অনুশীলনে ফিরলেন মেসি

গত সোমবার থেকে শুরু হয়েছিল বার্সেলোনার প্রাক মৌসুম প্রস্তুতি। কিন্তু ক্লাবের বিরুদ্ধে একপ্রকার যুদ্ধ ঘোষণা করে গত সপ্তাহের শুরুতে প্রাক মৌসুম প্রস্তুতিতে হাজির থাকেননি লিওনেল মেসি। ঘটনায় আর্জেন্টাইনের ক্লাব ছাড়ার বিষয়টি আরও জোরালো হয়। মেসি অনুশীলনে না আসায় জোয়ান গাম্পার ট্রেনিং গ্রাউন্ডের বাইরে মেসির জন্য অপেক্ষারত এক খুদে সমর্থকের কান্নায় ভেঙে পড়ার দৃশ্য ভাইরাল হয়েছিল ইন্টারনেটে।